



এম. এ. মান্নান এমপি

প্রতিমন্ত্রী

অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## শুভেচ্ছা বার্তা

বাংলাদেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধির পরিপূরক হিসেবে উন্নয়ন খাতে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রয়োজনীয়তা বৃদ্ধি পাচ্ছে। এই অর্থায়নের ক্রমাগত সরবরাহ নিশ্চিতকরণে প্রয়োজন একটি শক্তিশালী পুঁজিবাজার এবং একটি জ্ঞান ও অভিজ্ঞতা সমৃদ্ধ নিয়ন্ত্রক সংস্থা।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন তাদের ২৫ বছরের পথপরিক্রমায় বিভিন্ন চড়াই উৎরাই অতিক্রম করে যে অভিজ্ঞতা অর্জন করেছে তা কাজে লাগিয়ে দেশের অর্থনৈতিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ও কাজিহিত ভূমিকা পালন করতে পারবে বলে আমার বিশ্বাস রয়েছে। বিগত কয়েক বছরে কমিশনের গৃহীত বিভিন্ন কর্মসূচি এবং তা সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সংস্থার সকলের নিরলস প্রচেষ্টা আমি নিবিড়ভাবে লক্ষ্য করেছি এবং তাদের এই অক্লান্ত পরিশ্রম অব্যাহত থাকলে সকল পরিস্থিতি তারা আস্থার সাথে মোকাবেলা করতে পারবেন বলে আমার বিশ্বাস।

কমিশনের ২৫ বছর পূর্তির অনুষ্ঠানটি আড়ম্বরে পালনের মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বাংলাদেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল পক্ষকে সাথে নিয়ে দেশের পুঁজিবাজারে দেশী-বিদেশী বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে অর্থায়ন চাহিদা পূরণে যথাযথ ভূমিকা পালন করতে পারবে বলে আমি আশাবাদী।

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রাক্তন ও বর্তমান সকলকে তাদের অবদানের জন্য জানাই আন্তরিক অভিনন্দন।

এম.এ. মান্নান, এমপি

৩০.১১.২০

